

ঢাকা ওয়াসা

- ০১। সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক পরিকল্পনার কপি।
 ০২। বর্তমান আলোকচিত্র।
 ০৩। পূর্ব অনুমোদিত দরের কপি।
 ০৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়: Cleaning and Maintenance of Net-bamboo fencing in front of manual screen at DND Canal.

০১। ক্রমিক নং-০১ হতে ০৪ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার ডি এন ডি খাল রয়েছে। ডি এন ডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র” ওয়াটার ডি এন ডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। ডিএনডি খাল দুই পার্শ্বের সীমানা প্রাচীর দিয়ে ঘেরা ছিল কিন্তু বর্তমানে সড়ক ও জনপথ অধিদপ্তর খালের রোড সাইডের দেয়াল ভেঙ্গে ঢাকা-সিলেট ০৬ লেনের মহাসড়ক নির্মাণ করছে এবং কান্টি সাইডের দেয়ালের উচ্চতা কম হওয়ায় এলাকাবাসী দেয়ালের উপর দিয়ে ময়লা-আবর্জনা, পঁচা বর্জ্য, তাদের দৈনন্দিন জীবনের ব্যবহৃত দ্রব্যের অব্যবহৃত অংশ যেমন পলিথিন, কাগজ, ডাবের খোসা, ছেড়া জুতা, ককশীট উন্মুক্ত ডিএনডি খালের ভিতরে ফেলে দেয়। ফলে উক্ত ময়লা আবর্জনা পঁচে পানি দূষিত করে এবং পানির অক্সিজেনের মাত্রাও হ্রাস করে। পানিতে দ্রবীভূত অক্সিজেনের মাত্রাবৃদ্ধির জন্য এরোটর জোঁন স্থাপন এবং কলাবতি চাষ করা হয়। ডিএনডি খালের দুই পাশে গড়ে উঠা শিল্প-কারখানার প্লাস্টিক, রাবার, জুতা, পাইপ প্রভৃতি শিল্প বর্জ্য খালে ফেলা হচ্ছে। কিন্তু ময়লা-আবর্জনা যেমন পলিথিন, কাগজ, ডাবের খোসা, ছেড়া জুতা, ককশীট ইত্যাদি অপচনশীল বর্জ্য অনবরত পানির স্রোতের সাথে আসতে থাকে এবং এরোটরের ইম্পলারে আটকে যায়। ফলে মোটর অতিরিক্ত গরম হয়ে বন্ধ হয়ে যায় এবং Pre-nitrification প্রক্রিয়াটি বাধাগ্রস্ত হয় বিধায় ডিএনডি খালের তিনটি এরোটর জোঁনের জোঁন- ১, ২ এবং ৪ এর সামনে “ভি” আকৃতির বাঁশ ও নেট স্থাপন করা হয়েছে। এছাড়া মুখাবাড়ীর টুইন বক্স কালভার্ট এর সামনে ২ (দুই) টি ম্যানুয়াল স্ক্রীন বিদ্যমান। উক্ত স্ক্রীনের সামনে নেট ও বাঁশের ফেনিং রয়েছে। ডিএনডি খালের পানির সাথে বিভিন্ন ভাসমান ময়লা-আবর্জনা নেট ও ম্যানুয়াল স্ক্রীনে আটকে যায় এবং পানির স্বাভাবিক প্রবাহে বিঘ্ন ঘটায়। কাজেই একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর আটকে যাওয়া ময়লা-আবর্জনা ডুবুরি দিয়ে পরিষ্কার করা গেলে খালের মধ্যে পানির প্রবাহ ও গুণগত মান ভাল হবে। ম্যানুয়াল স্ক্রীন এর সামনে ব্যবহৃত বাঁশ ও নেট পঁচে যাওয়ার কারণে বাঁশ ও নেট এর অংশবিশেষ পরিবর্তন করা প্রয়োজন।

০২। অত্যন্ত জরুরী ভিত্তিতে কাজটি বাস্তবায়ন করা প্রয়োজন যা দরপত্র প্রক্রিয়া অনুসরণ করে বাস্তবায়ন করা সময় সাপেক্ষ। তাই আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি এর মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। এই কাজের জন্য, ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ কে নিয়োজিত করার প্রস্তাবনা পেশ করা হল।

০৩। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দর অনুযায়ী “দাত্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট ৪৯,৪১০.১১৫ (উনপঞ্চাশ হাজার চারশত দশ দশমিক এক এক পাঁচ টাকা মাত্র) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) ক্রমিক নং-১০৫ এবং প্যাকেজ নং- EU5 হতে নির্বাহ করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Cleaning and Maintenance of Net-bamboo fencing in front of manual screen at DND Canal শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাত্তরিক প্রাক্কলন ৪৯,৪১০.১১৫ (উনপঞ্চাশ হাজার চারশত দশ দশমিক এক এক পাঁচ টাকা মাত্র) টাকার অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২৪/১১/২৫
 মুরত কুমার দেব
 উপ-সহকারী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।

২৪/১১/২৫
 মোঃ মশিউর রহমান ভূঞা
 সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।

২৪-০১-২৬
 স্বাজীব আহমেদ
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।

২৪/১১/২৫
 মিজান মোশাম কিবরিয়া
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

২৩/০৪/২০২৬
 শওকত মাহমুদ
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।